সেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(১) ঘ এবং (২) বিধির প্রদত্ত ক্ষমতাবলে আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ সাজেদুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর, সুনামগঞ্জ এতদ্বারা সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার পাটলী ইউনিয়ন পরিষদের ০৮ নং ওয়ার্ড এর সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ সাজেদুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ: ৩০ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ

**নং-০৫.৪৬.৯০৪৭.০০০.১১.০১২.২১.৯৭৫**—যেহেতু সুনামগঞ্জ জেলাধীন জগন্নাথপুর উপজেলার ০৭ নং সৈয়দপুর শাহারপাড়া ইউনিয়ন পরিষদের নির্বাচিত ০৪ নং ওয়ার্ড সদস্য জনাব সৈয়দ শাহ্ তানভীর আলম, ইউপি সদস্য পদ হতে ২১-১২-২০২৩ খ্রি: তারিখে পদত্যাগপত্র দাখিল করেছেন এবং ০৭ নং সৈয়দপুর শাহারপাড়া ইউনিয়ন পরিষদের ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক ২৮-১২-২০২৩ খ্রি.তারিখে নিম্নস্বাক্ষরকারীকে পদত্যাগের বিষয়টি লিখিতভাবে অবগত করেছেন,

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(১) ঘ এবং (২) বিধির প্রদত্ত ক্ষমতাবলে আমি নিম্নস্বাক্ষরকারী আল- বশিরুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, জগন্নাথপুর সুনামগঞ্জ এতদ্বারা সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার ০৭ নং সৈয়দপুর শাহারপাড়া ইউনিয়ন পরিষদের ০৪ নং ওয়ার্ড এর সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**আল-বশিরুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**গংগাচড়া, রংপুর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৪ জানুয়ারি ২০২৪খ্রিঃ

**নং-০৫.৫৫.৮৫২৭.০০০.০২.০১৩.২৩.৭৪**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গংগাচড়া উপজেলা ০৬ নং গজঘন্টা ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোঃ আনোয়ারুল ইসলাম গত ১৭-০১-২০২৪ খ্রিঃ মৃত্যুবরণ করেছেন।

এমতাবস্থায়,স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি নাহিদ তামান্না, উপজেলা নির্বাহী অফিসার, গংগাচড়া, রংপুর এ উপজেলা ০৬ নং গজঘন্টা ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি ১৭/০১/২০২৪ খ্রিঃ থেকে শূন্য ঘোষণা করলাম।

**নাহিদ তামান্না**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**কাপাসিয়া, গাজীপুর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/ ০৮ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ০৫.৪১.৩৩৩৬.০০০.৮১.০১৬.২১-৬০০**—গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন ৩ নং টোক ইউনিয়ন পরিষদের ০৬ নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ সুলতান উদ্দিন আহমদ, পিতা: আবু বাককার, গ্রাম: ডুমদিয়া, পোঃ ডুমদিয়া -১৭৪৩, উপজেলা: কাপাসিয়া, জেলা:গাজীপুর স্ট্রোক করে গত ০৭ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ সন্ধ্যা ৬.২৫ ঘটিকার সময় মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) মর্মে ৩ নং টোক ইউনিয়ন পরিষদ কার্যালয়ের ০৮ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ০০৭ নম্বর স্মারকে প্রতিবেদন দাখিল করেছেন।

এমতাবস্থায়, গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলাধীন ৩নং টোক ইউনিয়ন পরিষদের ০৬ নং ওয়ার্ড সদস্য জনাব মো: সুলতান উদ্দিন আহমদ, পিতা: আবু বাককার, গ্রাম: ডুমদিয়া, পোঃ ডুমদিয়া- ১৭৪৩, উপজেলা: কাপাসিয়া, জেলা: গাজীপুর মৃত্যুবরণ করায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫ এর ১(ঙ) অনুযায়ী ৩নং টোক ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের সদস্য পদটি ০৮ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**এ. কে.এম গোলাম মোর্শেদ খান**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৮ মাঘ ১৪৩০/২২ জানুয়ারি ২০২৪

নং **০০.০১.০০০০.১০৪.৭৯.০০১.২০.৭৭**—দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪ (২০০৪ সনের ৫নং আইন)-এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর অধীন (সংশোধনীসহ) ও উক্ত আইনের তফসিলে বর্ণিত অপরাধসমূহের অনুসন্ধান ও তদন্তের ক্ষমতা দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ২০ ধারার ২ উপধারার বিধানমতে দুর্নীতি দমন কমিশনে কর্মরত নিম্নোক্ত কর্মকর্তাদের প্রদান করা হলো:

| ক্রমিক নম্বর | কর্মকর্তার নাম | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আবুল হাসনাত | পরিচালক |
| ২. | জানব মোহাম্মদ ইব্রাহিম | পরিচালক |
| ৩. | জনাব মোঃ তালেবুর রহমান | পরিচালক |
| ৪. | জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন | পরিচালক |
| ৫. | জনাব মোহাঃ আবুল হোসেন | পরিচালক |
| ৬. | জনাব এস এম এম আখতার হামিদ ভূঞা | পরিচালক |
| ৭. | জনাব মোঃ মোজাহার আলী সরদার | পরিচালক |
| ৮. | জনাব জালাল উদ্দিন আহাম্মদ | পরিচালক |

২। বর্ণিত কর্মকর্তাগণ দুর্নীতি দমন কমিশন আইন, ২০০৪-এর ১৯ (১)(২) ধারায় বর্ণিত ক্ষমতাও প্রয়োগ করতে পারবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল**
পরিচালক।

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**বিজ্ঞপ্তি**

তারিখ: 22-JAN-24

নং **আরজেএসসি/ডি,এন/16504**—কোম্পানি আইন ১৯৯৪ এর ৩৪৬ (৩) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, Ahsan Brothers Trading Consortium Ltd.[C-15572] নামীয় কোম্পানিটি ব্যবসা চালাচ্ছে কিনা বা কোম্পানির কার্যক্রম চালু আছে কিনা তা অত্র বিজ্ঞপ্তি প্রকাশের পর ৯০ (নব্বই) দিনের মধ্যে এর বিপরীতে কোনো কারণ দর্শানো না হলে অত্র কোম্পানির নাম নিবন্ধন বহি হতে কেটে দেয়া হবে এবং কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে।

**Ananta Kumar Paul**
**Assistant Registrat**
নিবন্ধকের পক্ষে।

---

**বাংলাদেশ পুলিশ**
**এন্টি টেররিজম ইউনিট**

**"আদেশ"**

তারিখ: ২১ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ।

নং **৪৪.০১.০০০০.৯৮৫.০১.০১৫.২০২১-১৫(নথি)-০৮**—জনাব সৈয়দ মান্নান আলী, বিপি-৬৫৯০০৩৩৭৯২, নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (সাবেক অফিসার ইনচার্জ, দেবহাটা থানা, সাতক্ষীরা) এর বিরুদ্ধে রুজুকৃত পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার বিভাগীয় মামলা নং-৮৭, তারিখ: ১৭-০৬-২০২১ খ্রিঃ এর তদন্তকারী কর্মকর্তা তাঁর তদন্ত কার্যক্রম শেষে প্রতিবেদন (Findings) দাখিল করেছেন। তৎপ্রেক্ষিতে অভিযুক্ত পুলিশ পরিদর্শক ব্যক্তিগত শুনানিতে গত ২৬-০৬-২০২১ খ্রিঃ তারিখ হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। তার মৌখিক বক্তব্য শ্রবণ করা হয়। তার বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ অর্থাৎ ঃ অভিযুক্ত পুলিশ পরিদর্শক তৎকালীন অফিসার ইনচার্জ, দেবহাটা থানা, সাতক্ষীরা-হিসেবে দায়িত্ব পালনকালে সংশ্লিষ্ট থানা এলাকা হতে বিভিন্ন লোকজনের, বিভিন্ন তারিখ ও সময়ে একই থানায় কর্মরত এসআই, এএসআই'দের দ্বারা আটক করতঃ কখনো উৎকোচ গ্রহণের মাধ্যমে কখনো থানা হাজতে আটক রেখে হেনস্থা করার মাধ্যমে থানা হতে ছেড়ে দেন। আটককৃতদের থানা হাজত হতে ছেড়ে দেয়ার বিষয়ে থানায় রক্ষিত সাধারণ ডাইরীতে তিনি কোনোরূপ তথ্য এন্ট্রি করেননি।

এতদ্‌সংক্রান্তে মৌখিক বক্তব্য প্রদানকালে তিনি বলেন-তিনি দীর্ঘদিন যাবত শারীরিকভাবে অসুস্থ এবং এ বিষয়টি নিয়ে দীর্ঘ সময় ধরে ভুগতেছেন। অত্র বিভাগীয় মামলার করণে তিনি পদোন্নতিসহ বিভাগীয় অন্যান্য সকল সুযোগ-সুবিধাদি হতে বঞ্চিত রয়েছেন এমনকি এ বিষয়ে তিনি পারিবারিক ও সামাজিকভাবে ছোট হয়েছেন অথচ বিষয়টির সাথে তিনি জড়িত না-বলে জানান। এতদ্‌সংশ্লিষ্ট একজন সাক্ষীও তার লিখিত বক্তব্যে অভিযুক্তের বিরুদ্ধে বলেননি মর্মে তিনি দাবী করেন। তিনি অল্প সময়কাল অর্থাৎ ০৪ মাসের মতো ওসি দেবহাটা থানা হিসেবে দায়িত্বপালন করেন। এরই মধ্যে পুলিশ সুপারের নির্দেশে তাকে অফিসার ইনচার্জের দায়িত্ব হতে অব্যাহতি দেয়া হয়। তদুপরি অফিসার ইনচার্জ হিসেবে অধস্তন অফিসার ও ফোর্সদের কার্যক্রম তদারকিতে ত্রুটি ছিল মর্মে তিনি স্বীকার করে তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে ক্ষমা প্রার্থনা করেন।

বর্ণিত বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা হিসেবে নিযুক্ত জনাব বেলাল হোসাইন বিপি-৮৬১২১৪৭৭৬৫, অতিরিক্ত পুলিশ সুপার, "ক" সার্কেল, যশোর অভিযুক্ত পুলিশ পরিদর্শক জনাব সৈয়দ মান্নান আলী, বিপি-৬৫৯০০৩৩৭৯২ এর বিরুদ্ধে রুজুকৃত পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকার বিভাগীয় মামলা নং-৮৭/২০২১ এ আনীত অভিযোগসমূহ সংক্রান্তে দীর্ঘ তদন্ত কার্যক্রম পরিচালনা করেন। তদন্ত কার্যক্রম পরিচলনাকালে উক্ত অভিযোগের সাথে সরাসরি সম্পৃক্ত একাধিক লোকজনের মৌখিক এবং লিখিত সাক্ষ্য গ্রহণ করেন। তদন্তকালে অভিযুক্ত পুলিশ পরিদর্শকের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ তদন্ত ও সাক্ষ্য-প্রমাণে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদানসহ তদন্ত প্রতিবেদন (Findings) দাখিল করেন।

অভিযুক্ত পুলিশ পরিদর্শক এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ, প্রাথমিক অনুসন্ধান প্রতিবেদন, কৈফিয়ত ও অভিযোগনামার প্রেক্ষিতে তার দাখিলকৃত লিখিত জবাব, আত্মপক্ষ সমর্থনমূলক লিখিত বক্তব্য সমূহ, তদন্ত প্রতিবেদন, সাক্ষীদের জবানবন্দি ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত মৌখিক বক্তব্য এবং সংশ্লিষ্ট রেকর্ডপত্র পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায়, অভিযুক্ত পুলিশ পরিদর্শক গত ১৭-০৭-২০১৮ খ্রিঃ হতে ১৩-০১-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিসার ইনচার্জ, দেবহাটা থানা, সাতক্ষীরা হিসেবে দায়িত্ব পালন করেন। দায়িত্ব পালনকালে তিনি বিভিন্ন ইস্যুতে একই থানায় কর্মরত এসআই, এএসআই'দের দ্বারা স্থানীয় লোকজনদের মধ্য হতে উদ্দেশ্যমূলকভাবে কিছু লোকদের আটক করে থানায় নিয়ে এসে কখনো উৎকোচ গ্রহণের বিনিময়ে কখনো থানা হাজতে আটক রেখে হেনস্থা করার মাধ্যমে ছেড়ে দেন। প্রাথমিকভাবে অনুসন্ধান কার্যক্রম পরিচালনাকালে অভিযুক্তের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ সাক্ষ্য প্রমাণে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে বিভাগীয় মামলার কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সেমতে রুজুকৃত বিভাগীয় মামলার তদন্ত কার্যক্রম পরিচালনাকালে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক এতদ্‌সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের মৌখিক এবং লিখিত সাক্ষ্য গ্রহণ করা হয়। সাক্ষ্য প্রদানকালে সংশ্লিষ্ট সাক্ষীগণ ব্যক্তিগতভাবে তাদের আটক হওয়া, টাকা প্রদানের মাধ্যমে থানা হাজত হতে মুক্তি পাওয়া এবং টাকা প্রদান ছাড়া হাজতে আটক থেকে হেনস্থা হওয়ার কথা লিখিত এবং মৌখিকভাবে ব্যক্ত করেন। তদন্তকারী কর্মকর্তা তাঁর তদন্ত কার্যক্রম পরিচালনাকালে অভিযুক্ত পুলিশ পরিদর্শকের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের পক্ষে লিখিত এবং মৌখিক সাক্ষ্য সংগ্রহপূর্বক তাঁর লিখিত মতামতসহ তদন্ত প্রতিবেদন (Findings) দাখিল করেন। অত্র বিভাগীয় মামলার তদন্তকারী কর্মকর্তা তাঁর দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত পুলিশ পরিদর্শকের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ তদন্ত ও সাক্ষ্য প্রমাণে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেন।

জনাব সৈয়দ মান্নান আলী, বিপি-৬৫৯০০৩৩৭২ এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সংক্রান্তে প্রাথমিক অনুসন্ধান প্রতিবেদন, তার কৈফিয়ত ও অভিযোগনামার প্রেক্ষিতে দাখিলকৃত লিখিত জবাব সমূহ, সাক্ষীদের জবানবন্দি, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত মৌখিক বক্তব্য, তদন্ত প্রতিবেদন (Findings) ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পুনরায় পর্যালোচনা করা হয়। সার্বিক পর্যালোচনায় তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগসমূহ অর্থাৎ ক্ষমতার অপব্যবহার, সরকারি দায়িত্ব-কর্তব্য পালনে চরম অবহেলা, অকর্মকর্তাসুলভ আচরণ ও দুর্নীতি পরায়ণতা ইত্যাদি প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা. ২০১৮ এর বিধি

৩(খ) এ বর্ণিত "অসদাচরণ" এর দায়ে দোষী সাব্যস্ত করা হয়। তার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগ সমূহের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় তাকে একই বিধিমালা বিধি-৪(১)(খ) এ বর্ণিত "গুরুদন্ড" প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

তৎপ্রেক্ষিতে জনাব সৈয়দ মান্নান আলী, বিপি ৬৫৯০০৩৩৭৯২, নিরস্ত্র পুলিশ পরিদর্শক'কে অসদাচরণ এর দায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪ (৩)(ক) মোতাবেক "গুরুদন্ড" হিসেবে ০১ (এক) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" এর সাময়িক আদেশ (দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ) প্রদান করা হয়।

জনাব সৈয়দ মান্নান আলী, বিপি-৬৫৯০০৩৩৭৯২, নিরস্ত্র পুলিশ পরিদর্শক এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-৮৭/২০২১ সংক্রান্তে জারীকৃত সাময়িক আদেশ এ প্রস্তাবিত গুরুদন্ড কেন অভিযুক্ত পুলিশ পরিদর্শক এর উপর আরোপ করা হবে না তার একটি লিখিত জবাব অত্র সাময়িক আদেশ (দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ) প্রাপ্তির ০৭ কার্যদিবসের মধ্যে অত্রাফিসে দাখিল করতে এবং ব্যক্তিগত শুনানিতে উপস্থিত হতে ইচ্ছুক কিনা তাও জানাতে নির্দেশ দেয়া হয়। তৎপ্রেক্ষিতে তিনি একটি লিখিত জবাব দাখিল করেন। তার দাখিলকৃত লিখিত জবাবে তিনি ব্যক্তিগত শুনানিতে উপস্থিত হতে ইচ্ছুক নন মর্মে জানান। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাবে তিনি ইতিপূর্বে কৈফিয়ত ও অভিযোগনামার প্রেক্ষিতে দাখিলকৃত জবাবেরই পুনরাবৃত্তি করে বলেন-তিনি আলোচ্য ঘটনা সংঘটনকালে পারিবারিক একটি বিষয় নিয়ে মানুসিকভাবে বিপর্যস্ত থাকায় সংশ্লিষ্ট বিষয়ে ওসি হিসেবে যথাযথভাবে খোঁজ-খবর নিতে ব্যর্থ হন। এরূপ ব্যর্থতার জন্য তিনি ক্ষমা প্রার্থী। ভবিষ্যৎ চাকরি জীবনে আরো সতর্কভাবে দায়িত্ব পালন করবেন মর্মে অঙ্গীকার করে তার উপর আরোপিত গুরুদন্ডের মেয়াদ কমানোর জন্য বিনীতভাবে অনুরোধ জানান।

এক্ষণে, জনাব সৈয়দ মান্নান আলী, বিপি-৬৫৯০০৩৩৭৯২, নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ট্যুরিস্ট পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (সাবেক অফিসার ইনচার্জ, দেবহাটা থানা, সাতক্ষীরা) এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ সংক্রান্তে প্রাথমিক অনুসন্ধান প্রতিবেদন, কৈফিয়ত ও অভিযোগনামার লিখিত জবাবসমূহ, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত মৌখিক বক্তব্য, তদন্ত প্রতিবেদন (Findings) ও আনুষঙ্গিক রেকর্ডপত্র এবং প্রদত্ত সাময়িক আদেশ পুনরায় পর্যালোচনা করা হলো। সার্বিক পর্যালোচনায় তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-৮৭, তারিখঃ ১৭-০৬-২০২১ খ্রিঃ সংক্রান্তে জারীকৃত সাময়িক আদেশ এ প্রমাণিত অভিযোগের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩)(ক) মোতাবেক "গুরুদন্ড" হিসেবে ০১(এক) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" (২৩,০০০—৫৫,৪৭০/ ৮ম, গ্রেড হতে ২২,০০০—৫৩০৬০/নবম গ্রেড) এর চূড়ান্ত আদেশ (Final order) প্রদান করা হলো। ভবিষ্যতে বেতন নির্ধারণের ক্ষেত্রে তিনি এ বিষয়ে কোনো প্রকার বকেয়া সুবিধাদি প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এস এম রুহুল আমিন**
অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল।

**জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।**
**ভূমি অধিগ্রহণ শাখা-০৫**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭**

**অধিগ্রহণ মামলা নং-০৫.৩৩.১৯/২০২০-২১**

**ফরম 'ঘ'**

**'ঘোষণা'**

**[১৩(২) ধারা মোতাবেক)]**

যেহেতু, নিম্নতফসিল বর্ণিত সম্পত্তি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক "পল্লী সড়কে গুরুত্বপূর্ণ সেতু নির্মাণ প্রকল্প" এর জন্য স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ অনুসারে অধিগ্রহণে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং অধিগ্রহণকৃত সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে মর্মে বিবেচিত হয়।

সেহেতু, এক্ষণে, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ১৩(২) ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর ন্যস্ত হলো।

**তফসিল**

জেলা: ঢাকা, উপজেলা: নবাবগঞ্জ, মৌজা: সমসাবাদ, জেএল নং-১৪৯

| দাগ নং (মহানগর) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৭২ অংশ | ০.১৯০০ | ০.০২৫২০ |
| ৭৩ অংশ | ০.৬১০০ | ০.০২৫০০ |
| ৭৪ অংশ | ০.৭৯০০ | ০.০১৮৪০ |
| | মোট = | ০.০৬৮৬০ একর |

জেলা: ঢাকা, উপজেলা: নবাবগঞ্জ, মৌজা: হরিষকুল, জেএল নং-১০১

| দাগ নং (মহানগর) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রগণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৮৯৯ অংশ | ০.১০০০ | ০.০৬৮২০ |
| ৯০০ অংশ | ০.২৪০০ | ০.১০৩৮১ |
| ৯০১ অংশ | ০.৪১০০ | ০.০৪৭৫০ |
| ৯০৭ অংশ | ০.০৯০০ | ০.০৬৫৯০ |
| ৯০৮ অংশ | ০.২২০০ | ০.০৫২২৫ |
| ৯০৯ অংশ | ০.১৬০০ | ০.০৩০৮০ |
| ৯১০ অংশ | ০.১৫০০ | ০.০৩৯৩১ |
| | মোট | ০.৪০৭৭৭ একর |

১। সমসাবাদ মৌজায় ০.০৬৮৬০একর

২। হরিষকুল মৌজায় ০.৪০৭৭৭ একর

সর্বমোট জমির পরিমাণ :০.৪৭৬৩৭ একর।

**পারভেজ চৌধুরী**
অতিরিক্ত জেলা প্রশাসক (এল.এ)।

**জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**এল এ কেস নং-০১/২০২১-২২**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১৩(২) ধারা**

**ঘোষণাপত্র**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী ২০১৭ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন (২০১৭, ২১ নং আইন) এর ১৩ ধারা অনুসারে ঐ সম্পত্তি ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে মর্মে গণ্য হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হ'ল এবং ঐ সম্পত্তি সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হ'ল।

**তপসিল**

জেলাঃ কুষ্টিয়া, উপজেলাঃ কুমারখালী, মৌজাঃ তেবাড়ীয়া, জে.এল নং -৮৯

| খতিয়ান নং | দাগ নং | দাগে মোট জমি (একর) | অধিগ্রহণ প্রস্তাবিত জমি (একর) |
|---|---|---|---|
| ৩৯ | ২৩ | ০.১৫০০ | ০.০০৭৫ |
| ৭০ | ২৪ | ০.০৩৭৫ | ০.০২০০ |
| ৫৯ | ৪৩ | ০.১৭৪৪ | ০.০১৫৮ |
| ৮১ | ৪৪ | ০.১৯০৬ | ০.০১৫৫ |
| ৯৭ | ৪৮ | ০.০৫৫০ | ০.০২৯০ |
| ১৩৭ | ৪৯ | ০.১১০০ | ০.০৭৭৫ |
| ১১৫ | ৫০ | ০.১৩৩১ | ০.০০০৫ |
| ১১৫ | ৫১ | ০.১৪৭২ | ০.০৩৩৫ |
| ১৩৭ | ৫২ | ০.২৯৮৭ | ০.২৫৭০ |
| ১ | ৫৫ | ১.৫৬১৯ | ০.৩৪১৯ |
| ১০১ | ৫৫ | ১.৫৬১৯ | ০.২৩৩১ |
| ১৪৬ | ৫৬ | ০.৪৬২৫ | ০.০১৪৭ |
| ১ | ৫৬/৭৬ | ০.১১৫৮ | ০.০২৫০ |
| ১ | ১০২ | ২.৫৯০৬ | ০.১৪৫০ |
| ৫৫ | ১০৩ | ১.৬২০৬ | ০.১০৭০ |
| | | মোট জমি = | ১.৩২৩০ একর |

জেলাঃ কুষ্টিয়া, উপজেলাঃ কুমারখালী, মৌজাঃ কেশবপুর, জে.এল নং -৯৯

| খতিয়ান নং | দাগ নং | দাগে মোট জমি (একর) | অধিগ্রহণ প্রস্তাবিত জমি (একর) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | ৪৩৫ | ০.৩১ | ০.০৮৫০ |
| ১৯৭ | ৪৩৬ | ০.২৭ | ০.০০৯৫ |
| ১৫৮ | ৪৪২ | ০.২৪ | ০.০৩৭০ |
| ০১ | ৪৪৩ | ০.২৪ | ০.০৮৫০ |
| ০১ | ৪৪৪ | ০.২৯ | ০.০০০৫ |
| ১১৪ | ৪৪৬ | ০.৭৬ | ০.০৫৫০ |
| ২৪৮ | ৪৪৭ | ০.৯৪ | ০.০৪৮০ |
| ২৪৮ | ৪৪৯ | ০.৫৮ | ০.০৯০০ |
| ১৮১ | ৪৫০ | ০.৪৯ | ০.০২৬০ |
| ২৯০ | ৪৬০ | ০.৬৭ | ০.০০১০ |
| ২৯০ | ৪৬১ | ০.৪৯ | ০.০১৩০ |
| ২৯০ | ৪৬২ | ০.৭৯ | ০.৩০০০ |
| ৭০ | ৪৬৩ | ০.৫৭ | ০.৪৫০০ |
| ৭০ | ৪৬৪ | ০.৬১ | ০.১৭৫০ |
| ১৪ | ৪৬৫ | ০.৪৮ | ০.০৯০০ |
| ৯৫ | ৪৬৬ | ০.৮১ | ০.৪১০০ |
| ১৬ | ৪৭৮ | ১.৬১ | ০.২০৫০ |
| ৪৬ | ৪৭৯/৬৮৪ | ০.৫৮ | ০.১৭০০ |
| ৪৭ | ৪৮০ | ২.৫৭ | ০.৬২০০ |
| | | মোট জমি = | ২.৮৭০০একর |

**মোঃ এহেতেশাম রেজা**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।**
**ভূমি অধিগ্রহণ শাখা।**

**২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ কেস নং-এল. এ. (সা.)-০৪/২০২১-২০২২**

**"ঘ"**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, 'কৃষি বিপণন অধিদপ্তরের অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণ' প্রকল্পের জন্য নিম্ন-তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি বাধ্যতামূলকভাবে ভূমি অধিগ্রহণ ও হুকুমদখল আইন ২০১৭ এর ১১ ধারা মোতাবেক তার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে বা ক্ষতিপূরণ প্রদান করা হবে বলে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

সেহেতু, উক্ত অধ্যাদেশের ১৩ (২) ধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হল এবং তা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হল।

**তফসিল**

মৌজাঃ গৌবিন্দপুর, জে.এল নং -১৫৮ উপজেলাঃ ঝিনাইদহ সদর, জেলাঃ ঝিনাইদহ।

| খতিয়ান নং (আর এস) | দাগ নং (আর.এস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৭১,৩৩৪ | ১২১১ | ০.১৯৭০ |
| ৪১৫ | ১২১২ | ০.০০৩০ |
| | মোট= | ০.২০০০ একর |

**এম.এম. রফিকুল ইসলাম**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।**
**ভূমি অধিগ্রহণ শাখা**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ, ১৯৮২**

**এল এ কেস নং-০৩/১৯৯৫-১৯৯৬**

**ফরম-'ঘ'**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**"ঘোষণা"**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি "পুলিশ বিভাগের ৫৭টি তদন্ত কেন্দ্র নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় চাঁদপুর জেলার মতলব উত্তর উপজেলায় "পুলিশ বিভাগের তদন্ত কেন্দ্র স্থাপনের জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ নং ধারা মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে মর্মে অনুমিত হইয়াছে,

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১১ ধারার (২) উপ-ধারা অনুসারে আমি এতদ্বারা উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হইয়াছে মর্মে ঘোষণা করলাম এবং অধিগ্রহণকৃত ভূমি সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সম্পূর্ণরূপে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা: চাঁদপুর, উপজেলা: মতলব উত্তর মৌজা: পালালোকদী জে.এল.নং-৬০

| খতিয়ান | দাগনং (এসএ) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|
| ৪৭৪ | ২৫৪ | ০.০৫ |
| ৪৭৪ | ২৫৫ | ০.১২ |
| ২৭৮ | ২৫৬ | ০.৮৩ |
| | মোট= | ১.০০ একর |

**কামরুল হাসান**
জেলা প্রশাসক।

---

**এল এ কেস নং-১৪/২০১৬-২০১৭**

**"ঘোষণা"**

**[১৩(২) ধারা মোতাবেক]**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি "পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ১৫ লক্ষ গ্রাহক সংযোগ" শীর্ষক প্রকল্পের আওতায় চাঁদপুর জেলার শাহরাস্তি উপজেলায় ১ টি ৩৩/১১ কেভি, ১০ এমভিএ নতুন বৈদ্যুতিক উপকেন্দ্র স্থাপনের জন্য অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নং আইন) এর ১১ নং ধারা মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে মর্মে অনুমতি হইয়াছে,

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুসারে আমি এতদ্বারা উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হইয়াছে মর্মে ঘোষণা করলাম এবং অধিগ্রহণকৃত ভূমি সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সম্পূর্ণরূপে সরকারের উপর অর্পিত হইল।

তফসিল

জেলা: চাঁদপুর, উপজেলা: শাহরাস্তি, উত্তর মৌজা: দৈকামতা, জে.এল.নং-১২৯

| খতিয়ান | দাগনং (বিএস) | শ্রেণি | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|
| ১১৪ | ১৫৫৮ | নাল | ০.৪০০০ |

**কামরুল হাসান**
জেলা প্রশাসক।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কানাইঘাট, সিলেট**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০৩ মাঘ ১৪৩০/১৭ জানুয়ারি ২০২৪

নং **০৫.৪৬.৯১৫৯.০০০.২৩.০১২.২০.৭৪**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিলেট জেলার কানাইঘাট উপজেলার ০১ নম্বর লক্ষীপ্রসাদ পূর্ব ইউনিয়ন পরিষদের নির্বাচিত সংরক্ষিত মহিলা সদস্য (১,২,৩ নম্বর ওয়ার্ড) জনাব রুশনা বেগম বিগত ২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করায় "স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯"-এর ৩৫(২) উপ-ধারা অনুযায়ী আমি ফারজানা নাসরীন, উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট বিগত ২৮ ডিসেম্বর ২০২৩ খ্রিঃ তারিখ হতে উক্ত পদটি শূন্য ঘোষণা করলাম।

**ফারজানা নাসরীন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পুঠিয়া, রাজশাহী।**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ পৌষ ১৪৩০/১০ জানুয়ারি ২০২৪

নং **০৫.৪৩.৮১৮২.০০০.০৪.০০২.২১-৫৮(৮)**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫ নং ধারা এবং (২) উপ-ধারা (১) অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সদস্য (পদত্যাগ, অপসারণ ও পদশূন্যতা) বিধিমালা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি এ, কে, এম নূর হোসেন নির্ঝর, উপজেলা নির্বাহী অফিসার, পুঠিয়া, রাজশাহী এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার পুঠিয়া উপজেলাধীন ৩ নং বানেশ্বর ইউনিয়নের ১, ২ ও ৩ নং ওয়ার্ড সংরক্ষিত মহিলা সদস্য জনাব মোছাঃ রজুফা বেগম গত ২৬ ডিসেম্বর ২০২৩ ভোর আনুমানিক ৩.৩০ টার সময় মৃত্যুবরণ করেন।

উক্ত সদস্যের মৃত্যুজনিত কারণে রাজশাহী জেলার পুঠিয়া উপজেলার ৩ নং বানেশ্বর ইউনিয়নের ১, ২, ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা সদস্য পদটি গত ২৬ ডিসেম্বর ২০২৩ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**এ, কে,এম, নূর হোসেন নির্ঝর**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হাটহাজারী, চট্টগ্রাম।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৮ জানুয়ারি ২০২৪ খ্রিঃ

নং **০৫.৪২.১৫৩৭.০০০.১৬.০০১.২৪-৮৫৮**—চট্টগ্রাম জেলার হাটহাজারী উপজেলাধীন ১২নং চিকনদন্ডী ইউনিয়ন পরিষদের নির্বাচিত চেয়ারম্যান জনাব হাসান জামান বাচ্চু, পিতা-মৃত আখতার সোলায়মান, মাতা-লায়লা বেগম, প্রযত্নে-আবদুল করিম মিস্ত্রী বাড়ী, গ্রাম: ফতেয়াবাদ, ওয়ার্ড নং-০১, ডাকঘর-ফতেয়াবাদ-৪৩৩৫, উপজেলা-হাটহাজারী, জেলাঃ চট্টগ্রাম বিগত ২৭-০১-২০২৪ খ্রিঃ তারিখে আনুমানিক রাত ১০.০০ ঘটিকার সময় চিকিৎসাধীন অবস্থায় চট্টগ্রামস্থ ন্যাশনাল হসপিটালে মৃত্যুবরণ করেন। তার মৃত্যুজনিত কারণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(১)(ঙ) ধারা এবং একই আইনের ৩৫(২) উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি এ.বি.এম. মশিউজ্জামান, উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম উক্ত পদটি মৃত্যুর তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**এ.বি.এম. মশিউজ্জামান**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বাবুগঞ্জ, বরিশাল।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ/১২ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নং **০৫.১০.০৬০৩.০০১.২৩.০০১.২৪-৩৮**—বরিশাল জেলাধীন বাবুগঞ্জ উপজেলার অন্তর্গত ০৬ নম্বর মাধবপাশা ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ জাকির হোসেন হাওলাদার, পিতা: সিরাজুল ইসলাম হাওলাদার, গ্রাম: বাদলা ইউনিয়ন: মাদবপাশা, বাবুগঞ্জ, বরিশাল। তিনি গত ১১-০১-২০২৪ তারিখ বৃহস্পতিবার কিডনি রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেণ (ইন্নাল্লিলাহি, ওয়া ইন্নইলাহি রাজিউন)।

সে লক্ষ্যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ৩৫(১)(ঙ) ধারা মোতাবেক উক্ত পদ শূন্য হওয়ায় আমি শাকিলা রহমান, উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ৩৫(২) ধারা মোতাবেক বাবুগঞ্জ উপজেলাধীন ০৬ নম্বর মাধবপাশা ইউনিয়ন পরিষদের ০২ নং ওয়ার্ডের সদস্য পদটি ১২-০১-২০২৪ খ্রিস্টাব্দ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**শাকিলা রহমান**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়, জুড়ী, মৌলভীবাজার।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৪ জানুয়ারি ২০২৪ খ্রিঃ।

**নং ০৫.৪৬.৫৮৩৫.০০১.০৪.০০৫.২৪.৮৪**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ০৩নং পশ্চিমজুড়ী ইউনিয়ন পরিষদ, জুড়ী এর ২১-০১-২০২৪ তারিখের ৪৬.৪৬. ৫৮৩৫.০৫৫. ০৩.০০১.২২.০৩ নং স্মারক পত্র মোতাবেক জুড়ী উপজেলাধীন ০৩নং পশ্চিমজুড়ী ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ আসনের ইউপি সদস্য জনাব মোঃ জয়নাল আবেদীন, পিতা: মৃত ইদ্রিস আলী, গ্রাম: বাছিরপুর, ডাক: জুড়ী, উপজেলাঃ জুড়ী, জেলাঃ মৌলভীবাজার বিগত ১৯-০১-২০২৪ তারিখ মৃত্যু- বরণ করেছেন। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৫(১) এর (ঙ) এবং ৩৫(২) এর অর্পিত ক্ষমতাবলে আমি লুসিকান্ত হাজং, উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী, মৌলভীবাজার গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, ০৩নং পশ্চিমজুড়ী ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের নির্বাচিত সাধারণ আসনের ইউপি সদস্য জনাব মোঃ জয়নাল আবেদীন, পিতা: মৃত ইদ্রিস আলী, গ্রাম: বাছিরপুর, ডাক: জুড়ী, উপজেলাঃ জুড়ী, জেলাঃ মৌলভীবাজার এর মৃত্যুজনিত কারণে ২০-০১-২০২৪ তারিখ হতে জুড়ী উপজেলার ৩নং পশ্চিমজুড়ী ইউনিয়ন পরিষদের ০৩নং ওয়ার্ডের সাধারণ আসনের সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**লুসিকান্ত হাজং**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কচুয়া, বাগেরহাট।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

নং **০৫.৪৪.০১৩৮.০০১.৩২.০০১.২৪-১১০(০৯)**—০৫ নং গোপালপুর ইউনিয়ন পরিষদ, কচুয়া, বাগেরহাট-এর ০১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের গোইউপি/১২৩২/২০২৪ নং স্মারকে প্রেরিত পত্র মোতাবেক জানা যায় যে, বাগেরহাট জেলার কচুয়া উপজেলার ০৫ নং গোপালপুর ইউনিয়নের চেয়ারম্যান জনাব এস এম আবু বক্কর সিদ্দিক, গত ৩১ জানুয়ারি ২০২৪ তারিখে ইন্তেকাল করেছেন।

সেহেতু, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯-এর ধারা ৩৫(২) এ প্রদত্ত ক্ষমতাবলে আমি রাখী ব্যানার্জী, উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, বাগেরহাট। উক্ত আইনের ধারা ৩৫(১) এর উপধারা (ঙ) অনুযায়ী বাগেরহাট জেলার কচুয়া উপজেলার ০৫ নং গোপালপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি ০১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**রাখী ব্যানার্জী**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৯ জানুয়ারি ২০২৪ খ্রিঃ।

**নং ০৫.৪২.১৯৭২.০১১.০০.০০৭.২৪-৬৬**—কুমিল্লা জেলাধীন লাকসাম উপজেলার ৪ নং কান্দিরপাড় মডেল ইউনিয়ন পরিষদের ৭ নং ওয়ার্ডের সাধারণ সদস্য জনাব মোঃ ছফিউল্লাহ, পিতা: মৃত: দুদু মিয়া, মাতা: মৃত বিলাতের নেছা, গ্রাম: সালেপুর, ডাকঘর: আউশপাড়া, লাকসাম, কুমিল্লা গত ৯ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার মৃত্যুবরণ করেন।

আমি, মোঃ আব্দুল হাই সিদ্দিকী, উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার ২ উপ-ধারায় অর্পিত ক্ষমতাবলে মৃত্যুজনিত কারণে ৯ জানুয়ারি ২০২৪ খ্রিঃ তারিখ হতে ৪ নং কান্দিরপাড় মডেল ইউনিয়ন পরিষদের বর্ণিত সাধারণ আসনটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ আব্দুল হাই সিদ্দিকী**
উপজেলা নির্বাহী অফিসার।

**বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**
**সদর কার্যালয়।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ বৈশাখ, ১৪৩১/০৭ মে, ২০২৪

নং **৩৫.০৩.০০০০.০০৮.০২৬.০৭৫.২০-২৮৩**—সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা-৪৪ এর উপধারা-১ এবং সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর বিধি-১২৫ এর উপবিধি-৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সড়ক/মহাসড়কে মোটরযানের সর্বোচ্চ গতিসীমা নির্ধারণ, নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনার নিমিত্ত বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক **"মোটরযানের গতিসীমা সংক্রান্ত নির্দেশিকা, ২০২৪"** সর্বসাধারণের অবগতির জন্য জারি করা হলো।

২। জনস্বার্থে জারিকৃত এ নির্দেশিকা অবিলম্বে কার্যকর হবে।

**নুর মোহাম্মদ মজুমদার**
চেয়ারম্যান (গ্রেড-১)।

**'মোটরযানের গতিসীমা সংক্রান্ত নির্দেশিকা, ২০২৪'**

দেশব্যাপী উন্নত যোগাযোগ নেটওয়ার্ক বিস্তৃতির ফলে সড়ক ও মহাসড়কে দ্রুতগতির যাত্রী ও পণ্যবাহী পরিবহনের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে এবং প্রায়শ অনাকাঙ্ক্ষিত সড়ক দুর্ঘটনা ঘটছে। বাংলাদেশে সড়ক দুর্ঘটনার অন্যতম কারণ মোটরযানের অতিরিক্ত গতি ও বেপরোয়াভাবে মোটরযান চালানো। দ্রুতগতির কারণে আঘাতের মাত্রাও হয় অত্যধিক। এসডিজি লক্ষ্যমাত্রা ৩.৬ অনুযায়ী ২০৩০ সালের মধ্যে সড়ক দুর্ঘটনায় নিহত ও আহতের সংখ্যা অর্ধেকে কমিয়ে আনার লক্ষ্যে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা-৪৪ এবং সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ এর বিধি-১২৫ এর উপবিধি-৪ অনুযায়ী **'মোটরযানের গতিসীমা সংক্রান্ত নির্দেশিকা, ২০২৪'** প্রণয়ন করা হলো।

**২. সড়ক ও মহাসড়কের শ্রেণিভেদে মোটরযানের শ্রেণি/ধরণ অনুযায়ী গতিসীমা নিম্নরূপ:**

| সড়ক/মহাসড়কের শ্রেণি | মোটরযানের শ্রেণি/ধরণ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | মোটরকার, জিপ, মাইক্রোবাস ইত্যাদি হালকা যাত্রীবাহী মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | বাস-মিনিবাস ইত্যাদি মধ্যম ও ভারী যাত্রীবাহী মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | ট্রাক, মিনিট্রাক, কাভার্ডভ্যান, ইত্যাদি মালবাহী মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | মোটরসাইকেল এর সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | ট্রেইলরযুক্ত আর্টিকুলেটেড মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | থ্রি-হুইলারের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) |
| **এক্সপ্রেসওয়ে:** সার্ভিস লেনসহ সড়ক ও মহাসড়কের চার লেন বা ছয় লেন বিশিষ্ট ডিভাইডেড এক্সপ্রেসওয়ে রাস্তার প্রস্থ: সার্ভিস লেন বাদে একমুখী রাস্তার প্রস্থ ৯.৮ মিটার থেকে ১৩.৪৫ মিটার | ৮০ | ৮০ | ৫০ | ৬০ | ৫০ | চলাচল নিষিদ্ধ |
| **জাতীয় মহাসড়ক** (ক্যাটাগরি-এ): সার্ভিস লেন ব্যতীত চার লেন বা ছয় লেন বিশিষ্ট ডিভাইডেড জাতীয় মহাসড়ক রাস্তার প্রস্থ: সার্ভিস লেন বাদে একমুখী রাস্তার প্রস্থ ৯.৮ মিটার থেকে ১৩.৪৫ মিটার | ৮০ | ৮০ | ৫০ | ৫০ | ৫০ | চলাচল নিষিদ্ধ |

| সড়ক/মহাসড়কের শ্রেণি | মোটরযানের শ্রেণি/ধরণ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | মোটরকার, জিপ, মাইক্রোবাস ইত্যাদি হালকা যাত্রীবাহী মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | বাস-মিনিবাস ইত্যাদি মধ্যম ও ভারী যাত্রীবাহী মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | ট্রাক, মিনিট্রাক, কাভার্ডভ্যান, ইত্যাদি মালবাহী মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | মোটরসাইকেল এর সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | ট্রেইলরযুক্ত আর্টিকুলেটেড মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | থ্রি-হুইলারের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) |
| **জাতীয় মহাসড়ক** (ক্যাটাগরি-বি) ও আঞ্চলিক মহাসড়ক: দুই লেন বিশিষ্ট দ্বিমুখী ডিভাইডারবিহীন মহাসড়ক/ আঞ্চলিক মহাসড়ক রাস্তার প্রস্থ: ১০.৩ মিটার | ৭০ | ৭০ | ৪৫ | ৫০ | ৪৫ | চলাচল নিষিদ্ধ |
| **জেলা সড়ক** রাস্তার প্রস্থ: ৬.৭ মিটার থেকে ৮.৫ মিটার | ৬০ | ৬০ | ৪০ | ৫০ | ৪০ | চলাচলের অনুমতি সাপেক্ষে ৩০ |
| **সিটি কর্পোরেশন/পৌরসভা/ জেলা সদরের মধ্য দিয়ে ব্যবহৃত জাতীয় মহাসড়ক ও আঞ্চলিক মহাসড়ক** রাস্তার প্রস্থ: ১০.৩ মিটার কমপক্ষে ৬ লেনে বিভক্ত, পৃথক হাঁটা এবং পারাপার সুবিধা। | ৪০ | ৪০ | ৩০ | ৩০ | ৩০ | চলাচলের অনুমতি সাপেক্ষে ৩০ |
| **জাতীয় মহাসড়ক ও আঞ্চলিক মহাসড়ক ছাড়া সিটি কর্পোরেশন/পৌরসভা/ জেলা সদর এর অভ্যন্তরীণ সড়ক** | ৪০ | ৪০ | ৩০ | ৩০ | - | চলাচলের অনুমতি সাপেক্ষে ৩০ |
| **উপজেলা মহাসড়ক** রাস্তার প্রস্থ ৭.৩-১১ মিটার। | ৪০ | ৪০ | ৩০ | ৩০ | ৩০ | চলাচলের অনুমতি সাপেক্ষে ৩০ |
| **শহর এলাকায় প্রাইমারী আরবান সড়ক** অবিভক্ত ও দুই লেন বিশিষ্ট। | ৪০ | - | - | ৩০ | - | চলাচলের অনুমতি সাপেক্ষে ৩০ |
| **শহর এলাকায় সংকীর্ণ/শেয়ার রোড ও অন্যান্য সড়ক** অবিভক্ত ও দুই লেন বিশিষ্ট। | ৩০ | - | ৩০ | ২০ | - | চলাচলের অনুমতি সাপেক্ষে ২০ |

| সড়ক/মহাসড়কের শ্রেণি | মোটরযানের শ্রেণি/ধরণ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | মোটরকার, জিপ, মাইক্রোবাস ইত্যাদি হালকা যাত্রীবাহী মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | বাস-মিনিবাস ইত্যাদি মধ্যম ও ভারী যাত্রীবাহী মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | ট্রাক, মিনিট্রাক, কাভার্ডভ্যান, ইত্যাদি মালবাহী মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | মোটরসাইকেল এর সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | ট্রেইলরযুক্ত আর্টিকুলেটেড মোটরযানের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) | থ্রি-হুইলারের সর্বোচ্চ গতিসীমা (কি:মি:/ঘণ্টা) |
| **গ্রামীণ সড়ক** রাস্তার প্রস্থ ৩.০-৩.৭ মিটার। | ৩০ | - | - | ৩০ | - | ৩০ |

৩. **সাধারণ নির্দেশাবলী:**

৩.১ সড়কের শ্রেণি ও মোটরযানের শ্রেণি/ধরণ অনুযায়ী অনুচ্ছেদ-২ এ বর্ণিত গতিসীমাই হবে সর্বোচ্চ গতিসীমা। এ গতিসীমা আবশ্যিকভাবে মেনে সড়ক/মহাসড়কে মোটরযান চালাতে হবে।

৩.২ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, হাসপাতাল, আবাসিক এলাকা এবং হাট-বাজার ইত্যাদি সংলগ্ন সড়ক বা মহাসড়কে মোটরযানের সর্বোচ্চ গতিসীমা স্থানীয় সরকার প্রতিষ্ঠান বা রাস্তা নির্মাণকারী বা উপযুক্ত প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হবে; তবে তা কোনোক্রমেই জাতীয় মহাসড়কের ক্ষেত্রে ৪০ কিলোমিটার/ঘণ্টা এবং আঞ্চলিক মহাসড়কের ক্ষেত্রে ৩০ কিলোমিটার/ঘণ্টার অধিক হবে না;

৩.৩ জরুরি পরিষেবায় নিয়োজিত মোটরযান, যেমন: অ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস ইত্যাদির ক্ষেত্রে উক্ত গতিসীমা শিথিলযোগ্য হবে;

৩.৪ সর্বোচ্চ গতিসীমার এই বাধ্যবাধকতা শুধুমাত্র স্বাভাবিক অবস্থায় প্রযোজ্য হবে, দুর্যোগপূর্ণ আবহাওয়া, প্রখর রোদ, অতিরিক্ত বৃষ্টি, ঘনকুয়াশা ইত্যাদি প্রতিকূল পরিস্থিতিতে নিয়ন্ত্রণযোগ্য নিরাপদ গতিসীমা প্রযোজ্য হবে; দৃষ্টিসীমা বেশি মাত্রায় কমে গেলে বা একেবারেই দেখা না গেলে মোটরযান চালানো বন্ধ রাখতে হবে;

৩.৫ এক্সপ্রেসওয়ে, জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের উভয়দিকের প্রবেশমুখ ও নির্দিষ্ট দূরত্বে যানবাহনভিত্তিক নির্ধারিত গতিসীমা সংক্রান্ত সাইন রাস্তা নির্মাণকারী বা উপযুক্ত প্রতিষ্ঠান কর্তৃক প্রদর্শন করতে হবে;

৩.৬ মোটরযানের শ্রেণি/ধরণ অনুযায়ী ভিন্ন ভিন্ন গতিসীমার জন্য একই পোস্টে মোটরযানের নাম ও ছবি সম্বলিত গতিসীমার সাইন প্রদর্শন করতে হবে; এবং

৩.৭ পাহাড়ী এলাকা, আঁকাবাঁকা সড়ক, বাঁক, ব্রিজ, রেল বা লেভেলক্রসিং, সড়ক সংযোগস্থল, বাজার, ধর্মীয় প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতালের সামনে সাইনে প্রদর্শিত গতিসীমা প্রযোজ্য হবে।

৪। **বিশেষ নির্দেশাবলী:**

৪.১ সড়ক বাঁক, জাংশন, জ্যামিতিক কাঠামো, পারিপার্শ্বিক পরিবেশ, দুর্ঘটনার ঝুঁকি ও অন্যান্য বিষয় বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট রাস্তা নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক মোটরযানের শ্রেণি/ধরণ অনুযায়ী নির্দিষ্ট দূরত্বের জন্য ট্রাফিক সাইন ম্যানুয়াল (Traffic Sign Manual) অনুযায়ী স্ট্যান্ডার্ড ট্রাফিক সাইন পোস্ট ও গতিসীমা প্রদর্শন/স্থাপন করবে।

৪.২ বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ সড়কের পরিবেশ ও নিরাপত্তা ঝুঁকি বিবেচনায় নিয়ে নিরাপদ এবং মানসম্মত স্থানীয় গতিসীমা নির্ধারণের বৈজ্ঞানিক পদ্ধতির (Technical methods) বিস্তারিত বর্ণনাসহ তা বাস্তবায়ন এবং প্রয়োগের বিভিন্ন ধাপ/উপায় সম্বলিত একটি সহায়ক ম্যানুয়াল প্রণয়ন করবে।

৪.৩ মালবাহী মোটরযানসহ অন্যান্য স্বল্পগতির মোটরযান সর্বদা সড়কের বামপাশের লেন দিয়ে চলাচল করবে। শুধুমাত্র ওভারটেক করার সময় ডান লেন ব্যবহার করতে পারবে, কখনো বাম লেন দিয়ে ওভারটেক করা যাবে না।

৪.৪ ওভারটেকিং নিষিদ্ধ না থাকলে রাস্তার ট্রাফিক সাইন, রোডমার্কিং দেখে এবং সামনে, পিছনে পর্যাপ্ত ও প্রয়োজনীয় জায়গা থাকলে নিরাপদ পরিস্থিতি বিবেচনায় ওভারটেক করা যাবে; এবং

৪.৫ ওভারটেক করার সময় সামনে বিপরীত লেনে আগত গাড়ি এবং পেছনের গাড়ির অবস্থান ও গতিবেগ দেখে ওভারটেকিংয়ের জন্য নিরাপদ দূরত্ব আছে কি না সে-সম্পর্কে নিশ্চিত হতে হবে।

**৫। আইনানুগ ব্যবস্থা গ্রহণ:**

এ নির্দেশিকায় উল্লিখিত গতিসীমা অমান্য করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর সংশ্লিষ্ট ধারা অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। এ নির্দেশিকা অনতিবিলম্বে কার্যকর হবে।

**৭। সংশোধন/সংযোজন/পরিমার্জন:**

বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ প্রয়োজনে সময়ে সময়ে এ নির্দেশিকা সংশোধন/সংযোজন/পরিমার্জন করতে পারবে।